**বিল্ডিং ক্লাইমেট রেজিলিয়েন্ট লাইভিলিহুডস ইন ভালনারেবল ল্যান্ডস্কেপস ইন বাংলাদেশ প্রকল্প**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা**
**উপজেলা কৃষি আবহাওয়া পরামর্শ বুলেটিন (২৬ জুলাই ২০২৬)**

**আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন উপজেলা: খাগড়াছড়ি সদর** **জেলা: খাগড়াছড়ি**
**তারিখ: ২৬-০৭-২০২৬** **বুলেটিন নম্বর: ১৬৮**

**গত ৩ দিনের আবহাওয়ার পরিস্থিতি:** ২৩.০৭.২০২৬ থেকে ২৫.০৭.২০২৬ তারিখ পর্যন্ত

| পূর্বাভাসের সময়কাল | ২৩-০৭-২০২৬ | ২৪-০৭-২০২৬ | ২৫-০৭-২০২৬ |
|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ৪-২৩ | ১৭-৩৫ | ০-১২ |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৯ | ৩০ | ৩৩ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৩ | ২৩ | ২৪ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৯২ | ৯০ | ৯০ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ২৫ | ১৬ | ১২ |
| বাতাসের দিক | দক্ষিণ – পশ্চিম | দক্ষিণ – পশ্চিম | দক্ষিণ – পশ্চিম |

**বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ৪ দিনের আবহাওয়ার পূর্বাভাস:** ২৬.০৭.২০২৬ থেকে ২৯.০৭.২০২৬ তারিখ পর্যন্ত

| পূর্বাভাসের সময়কাল | ২৬-০৭-২০২৬ | ২৭-০৭-২০২৬ | ২৮-০৭-২০২৬ | ২৯-০৭-২০২৬ |
|---|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ১-২৫ | ০-১৫ | ২-২১ | ০-৩ |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ৩২ | ৩৩ | ৩৩ | ৩১ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৪ | ২৪ | ২৪ | ২৪ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৮৬ | ৮৫ | ৮৭ | ৮৯ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ১৮ | ২৪ | ২৩ | ১৯ |
| বাতাসের দিক | দক্ষিণ – পশ্চিম | দক্ষিণ – পশ্চিম | দক্ষিণ – পশ্চিম | দক্ষিণ – পশ্চিম |

Source: https://usf.bmd.gov.bd/

**সময়কাল: ২৬ জুলাই ২০২৬– ২৯ জুলাই ২০২৬**

**কাজু বাদাম:**

- অগামী চারদিনে হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কাজু বাদাম গাছ যাতে বৃষ্টি ও বাতাসে হেলে না পড়ে সেজন্য প্রতিটি গাছে খুটির ব্যবস্থা করুন। নতুন কাজু বাদামের চারা নির্বাচন করুন এবং চারা লাগানোর জন্য গর্ত প্রস্তুত করুন। পুরোনো কাজু বাদাম গাছ নিয়মিত পর্যবেক্ষণ করুন, আগাছা পরিষ্কার করে বাগান পরিষ্কার রাখুন। গাছের গোড়া থেকে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করুন।

**আম:**

- অগামী চারদিনে হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। প্রকল্প থেকে সরবাহকৃত আমের চারা যেগুলো রোপন করা হয়েছে, সেগুলোর গোড়ায় যেন পানি জমে না থাকে সেদিকে লক্ষ্য রাখুন। পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করুন। যে চারাগুলো রোপন করা হয়নি সেগুলো বৃষ্টি কমার পর রোপন করুন।